

জরুরি পরিকল্পনা তৈরি করতে, সরবরাহ জোগাড় করতে, এবং তাদের যে বিপদ হতে পারে তা বোঝার জন্য আপনার বাড়ির প্রত্যেকে এক সাথে কাজ করা উচিত।

আপনার পরিবারের জন্য একটি দুর্ঘটনা পরিকল্পনা তৈরি করুন

জরুরি পরিস্থিতিতে কী করতে হবে, একে অপরকে কিভাবে খুঁজে বের করবেন, এবং কিভাবে যোগাযোগ রক্ষা করবেন সে বিষয়ে প্রস্তুতি নেয়ার জন্য আপনার পরিবারের সদস্যদের সাথে একটি দুর্ঘটনা পরিকল্পনা তৈরি ও অনুশীলন করুন।

- কোনো বিপর্যয়ের পরে আপনার পরিবারের সদস্যরা কোথায় মিলিত হবেন সে বিষয়ে সিদ্ধান্ত নিন। মিলিত হওয়ার জন্য দু'টি জায়গা বেছে নিন: একটি আপনার বাড়ির কাছে এবং অন্যটি আপনার আশেপাশের মহল্লার ঠিক বাইরে।
- আপনার বাড়ি এবং মহল্লার সম্ভাব্য সব প্রস্থানের রুটগুলি ব্যবহার করে অনুশীলন করুন।
- আপনার নিজের এলাকার বাইরের কোনো বন্ধু বা আত্মীয়কে মনোনীত করুন যাকে বিপর্যয়ের সময় আলাদা হয়ে গেলে আপনার পরিবারের সদস্যরা ফোন করতে পারবেন। নিউ ইয়র্ক সিটির ফোন লাইনগুলো ব্যস্ত থাকলে, দূরবর্তী কোনো জায়গায় ফোন করা সহজ হতে পারে। আপনার নিজের এলাকার বাইরের এই ব্যক্তি আপনাকে অন্যদের সাথে যোগাযোগে সাহায্য করতে পারবেন।
- সবার প্রয়োজনের জন্য পরিকল্পনা করুন, বিশেষকরে বয়স্ক ব্যক্তি, যারা ইংরেজি বলেন না, যারা প্রতিবন্ধী, ও যাদের চলাফেরা ও দৈনন্দিন জীবন যাপনের জন্য সাহায্য প্রয়োজন হয়, এবং শিশু, ও পোষা প্রাণী।
- সঠিক বিমা কিনুন। যদি আপনি বাড়ি ভাড়া নেন, তাহলে ভাড়াটের বিমা আপনার অ্যাপার্টমেন্টের ভিতরের আইটেমগুলির বিমা করবে। যদি আপনি বাড়ির মালিক হন, তাহলে আপনার বাড়ি যথাযথভাবে বিমা করার বিষয়টি নিশ্চিত করুন - বন্যা এবং বাতাসের ক্ষয়ক্ষতি বাড়ির মালিকের বেসিক পলিসিতে কভার করা হয় না।

একটি জরুরি সরবরাহ কিট তৈরি করুন

সাত দিন পর্যন্ত চলার জন্য আপনার বাড়িতে জিনিসপত্রের পর্যাপ্ত মজুদ রাখুন। এই উপকরণগুলি সহজে অ্যাক্সেসযোগ্য একটি কন্টেইনারে বা আলমারিতে সংরক্ষণ করুন, এবং বছরে দু'বার ডেলাইট সেভিংস টাইমের সময় এগুলো হালনাগাদ করুন। সুপারিশকৃত আইটেমগুলির মধ্যে রয়েছে:

- মাথাপিছু প্রতিদিন এক গ্যালন করে খাওয়ার পানি
- অপচনশীল, রেডি-টু-ইট কোটাজাত খাবার এবং একটি ম্যানুয়াল ক্যান ওপেনার
- প্রাথমিক চিকিৎসার সরঞ্জাম
- স্ল্যাশলাইট
- ব্যাটারি-চালিত AM/FM রেডিও, ও অতিরিক্ত ব্যাটারি, অথবা একটি উইন্ড-আপ রেডিও যেটিতে ব্যাটারির প্রয়োজন হয় না
- গ্লো স্টিক
- হুইসেল বা ঘন্টা
- এক কোয়ার্ট সূক্ষ্মকীবীহীন রিচ (পানি জীবাণুমুক্ত করার জন্য, শুধুমাত্র যদি স্বাস্থ্য পেশাজীবীরা তা করার নির্দেশনা দিয়ে থাকেন) এবং আই-ড্রপার (পানিতে রিচ যোগ করার জন্য)

জরুরি রেফারেন্স কার্ড

আপনার ব্যক্তিগত দুর্ঘটনা পরিকল্পনার বিস্তারিত বিবরণ রেকর্ড করতে এই কার্ডটি ব্যবহার করুন। আপনার বাড়ির প্রত্যেক সদস্যের একটি করে থাকা উচিত।

নাম:

স্থানীয় সাক্ষাতের স্থান:

আপনার মহল্লার বাইরে সাক্ষাতের স্থান:

অফিস/স্কুল/অন্যান্য ইত্যাকৃশনের জায়গা:

অফিস/স্কুল/অন্যান্য জায়গায় কন্টাক্ট:

আপনার নিজের এলাকার বাইরের কন্টাক্ট:

বাড়ির মালিকের/ভাড়াটের বিমা:

ডাক্তারের নাম ও নম্বর:

ঝুঁকিপূর্ণো সম্পর্কে জানুন

ঘূর্ণিঝড় থেকে শুরু করে বাড়িতে আগুন লাগা পর্যন্ত — যে ঝুঁকিপূর্ণ নিউ ইয়র্ক সিটিকে প্রভাবিত করতে পারে সেগুলি সম্পর্কে জেনে রাখলে — জরুরি পরিস্থিতিতে আপনাকে নিরাপদ থাকতে সহায়তা করতে পারে। আরও জানতে NYC.gov/hazards ওয়েবসাইট দেখুন।

911: জরুরি পরিস্থিতিতে

- আপনি আসন্ন বিপদের সম্মুখীন হলে বা কোনো অপরাধ ঘটতে দেখলে 911-এ ফোন করুন।
- যদি আপনি গুরুতরভাবে আহত হন অথবা জীবনের জন্য ঝুঁকিপূর্ণ মেডিকেল অবস্থা দেখা দেয় তাহলে 911-এ ফোন করুন।

311: অ-জরুরি অবস্থায়

- যদি আপনার অ-জরুরি পরিষেবা পাওয়ার বা সিটির সরকারি কর্মসূচিগুলি সম্পর্কে তথ্যের প্রয়োজন হয় তাহলে 311-এ ফোন করুন।

অবহিত থাকুন

Facebook ও Twitter-এ NYC Emergency

Management

www.facebook.com/NYCEmergencymanagement
[@NotifyNYC](https://twitter.com/NotifyNYC)

NOTIFY NYC

- আপনার জন্য অতীব গুরুত্বপূর্ণ জরুরি বিজ্ঞপ্তিগুলো বিনামূল্যে গ্রহণ করুন। NYC.gov/notifynyc ওয়েবসাইটে গিয়ে, 311-এ ফোন করে, Twitter-এ @NotifyNYC-তে গিয়ে, অথবা Android ও iOS ডিভাইসের জন্য ফ্রি অ্যাপ ডাউনলোড করে নিবন্ধন করুন।

একটি গো-ব্যাগ প্যাক করুন

আপনার বাড়ির প্রত্যেক সদস্যের একটি করে গো-ব্যাগ তৈরি করে রাখা উচিত— এটি হলো এমনসব জিনিসপত্রের সংগ্রহ যেগুলো আপনি তাড়াহুড়া করে বাড়ি ছেড়ে যাওয়ার সময় সাথে নিতে চাইবেন। প্রতিটি গো-ব্যাগ মজবুত ও সহজে বহনযোগ্য হওয়া উচিত, যেমন একটি ব্যাকপ্যাক। সুপারিশকৃত আইটেমগুলির মধ্যে রয়েছে:

- একটি পানিরোষী ও বহনযোগ্য কন্টেইনারে আপনার গুরুত্বপূর্ণ কাগজপত্রের কপি (যেমন ইন্স্যুরেন্স কার্ড, জন্মসনদ, দলিল, ফটো আইডি, ইত্যাদি)
- নগদ টাকা এবং ক্রেডিট ও এটিএম কার্ডের কপি
- বোতলজাত পানি এবং গ্র্যানোলা বারের মত অপচনশীল খাবার
- ফ্যাশলাইট
- ব্যাটারি-চালিত AM/FM রেডিও ও বাড়তি ব্যাটারি
- আপনি যেসব ওষুধপত্র গ্রহণ করেন এবং সেগুলো কেন গ্রহণ করেন তার তালিকা, এবং সেগুলোর ডোজ, এবং ডাক্তারের নাম ও ফোন নম্বর
- প্রাথমিক চিকিৎসার সরঞ্জাম
- প্রসাধন সামগ্রী
- শিশুর যন্ত্রের আইটেম, পোষা প্রাণীর যন্ত্রের আইটেম, এবং অন্যান্য বিশেষ আইটেম
- হালকা বর্ষাতি ও মাইলার (Mylar) কন্ঠন
- আপনার পরিবারের জন্য যোগাযোগকারী ব্যক্তি ও সম্মানের স্থান, এবং একটি ছোট আঞ্চলিক মানচিত্র

এছাড়াও এই গাইডের নিচের ভাষাগুলিতে পাওয়া যায়

Arabic

رُدّ NYC.gov/readyny للحصول على نسخ باللغة العربية من هذا الدليل.

Bengali

ইউএস-এ এই নিউসিউজিটির কপি 311-এ ফোন করুন বা NYC.gov/readyny দেখুন।

Chinese

請撥打 311 或訪問 NYC.gov/readyny 獲得本指南的中文版本。

English

Call 311 or visit NYC.gov/readyny for copies of this guide in English.

French

Visitez NYC.gov/readyny pour obtenir des exemplaires de ce guide en français.

Haitian Creole

Ale nan sitwèb NYC.gov/readyny pou jwenn kopi gid sa a nan lang Kreyòl Ayisyen.

Italian

Visita il sito NYC.gov/readyny per ricevere una copia di questa guida in italiano.

Korean

한국어로 된 안내서 NYC.gov/readyny를 방문하십시오.

Polish

Kopia w języku polskim jest opublikowana pod adresem NYC.gov/readyny.

Russian

Позвоните по номеру 311 или посетите сайт NYC.gov/readyny, чтобы получить эту брошюру на русском языке.

Spanish

Llame al 311 o visite NYC.gov/readyny para obtener acceso a este folleto en español.

Urdu

اس رہنما پرچہ کی کاپی اردو زبان میں حاصل کرنے کے لیے NYC.gov/readyny ملاحظہ کریں۔

Yiddish

באַזוכט NYC.gov/readyny פאַר קאפּיעס פֿון דעם פּאַפּיר אין אַידיש.

নিউ ইয়র্ক প্রস্তুত

জরুরি পরিস্থিতির জন্য প্রস্তুতি গ্রহণ



NYC
Emergency
Management

